



শিক্ষক ও শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ

বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে প্রায় তিন শতাধিক প্রাথমিক শিক্ষক, শিক্ষিকা, ছাত্র, ছাত্রী ও সুধীজনের উপস্থিতিতে কুড়িগ্রাম টাউন হলে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা পক্ষে বিজয়ী শ্রেষ্ঠ শিশুশিল্পী ও শ্রেষ্ঠ শিক্ষকবৃন্দের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

এ বছর কুড়িগ্রাম সদর উপজেলার শ্রেষ্ঠ বিদ্যালয় হিসেবে নির্বাচিত হয়েছে পাঁচগাছী সরকারী প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রী যামিনী মোহন মোদক তাঁর বিদ্যালয়ের এ কৃতিত্বের জন্য ২,০০০/- (দুই হাজার) ৩-এর পাতায় দেখুন।

শিক্ষক ও শিশু

৬-এর পাতায় পর

টাকার একটি চেক গ্রহণ করেন। এ ছাড়া উপজেলার ১০ (দশ) জন শিক্ষক 'দক্ষ' হিসেবে মনোনীত হয়েছেন। উপজেলা পরিষদ সঙ্ঘট হয়ে প্রত্যেককে ৫০০/- (পাঁচশ) টাকার চেক প্রদান করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব মোঃ নছিব উদ্দিন। সদর উপজেলার চেয়ারম্যান জনাব এ কে এম শামসুজ্জোহা (রতন)-এর সভাপতিত্বে আলোচনায় অংশ নেন জনাব মোঃ আতাউর রহমান, জনাব মজিবুর রহমান, জনাব আন ম আবদুল খালেক, জনাব মনছুর আহমেদ, জনাব নজির আহমেদ ও স্বাগত বক্তব্য দেন সদর উপজেলা শিক্ষা অফিসার জনাব হক খন্দকার।

অনুষ্ঠান উপর্যাপ্যে কুড়িগ্রাম জেলার শ্রেষ্ঠ প্রাথমিক শিক্ষক হিসেবে নির্বাচিত জনাব খন্দকার খায়রুল আনমকে বিশেষভাবে পুরস্কৃত করা হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কিশলয় আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব মোঃ আবদুল বারী। শ্রেষ্ঠ শিক্ষক ও শ্রেষ্ঠ শিশুশিল্পীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব মোঃ নছিব উদ্দিন ও শ্রেষ্ঠ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহেবকে চেক প্রদান করেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর কুড়িগ্রাম, জনাব এ কে এম শামসুজ্জোহা (রতন)।

— খন্দকার খায়রুল আনম